

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮০-আইন/২০১৬/৭৫৬-মুসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমানার টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী	মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তি	নীট মূল্য সংযোজন করের হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)
S০০১	S০০১.২০	রেস্তোরাঁ	(ক) শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোরাঁ কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা একশত শতাংশ। (খ) সাধারণ রেস্তোরাঁ (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ শতাংশ।	১৫%
S০০৩	S০০৩.১০	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ	যে কোন প্রকার যান্ত্রিক যানবাহন মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক উক্ত যানবাহনে সংযোজিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেষটি দশমিক ছয় সাত শতাংশ।	১০%
S০০৩	S০০৩.২০	ডকইয়ার্ড	যে কোন প্রকার যান্ত্রিক নৌযান মেরামত বা সার্ভিসিং এর ক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক উক্ত নৌযান মেরামত বা সার্ভিসিং এ ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণের মূল্যসহ সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেষটি	১০%

			দশমিক ছয় সাত শতাংশ।	
S008	S008.00	নির্মাণ সংস্থা	যে কোন নির্মাণ কাজের জন্য দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা চল্লিশ শতাংশ।	৬%
S010	S010.10	ভূমি উন্নয়ন সংস্থা	উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা বিশ শতাংশ।	৩%
	S010.20	ভবন নির্মাণ সংস্থা	ভবন বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের উপর—	
			ক) ১-১১০০ বর্গফুট পর্যন্ত শতকরা দশ শতাংশ	১.৫%
			খ) ১১০১-১৬০০ বর্গফুট পর্যন্ত শতকরা ষোল দশমিক ছয় সাত শতাংশ	২.৫%
			গ) ১৬০১ বর্গফুট হইতে শতকরা ত্রিশ শতাংশ	৪.৫%
S028	S028.00	আসবাবপত্রের বিপণন কেন্দ্র	(ক) উৎপাদন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা চল্লিশ শতাংশ; (খ) বিপণন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত শতাংশ (উৎপাদন পর্যায়ে ৬% হারে মূসক পরিশোধের চালানপত্র থাকা সাপেক্ষে)।	৬% ৪%
S026	S026.00	স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী	স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S039	S039.00	যোগানদার (Procurement provider)	সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের বা সেবার মূল্য বা দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ।	৫%
S08৮	S08৮.00	পরিবহন ঠিকাদার	(ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা ত্রিশ শতাংশ; (খ) অন্যান্য পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত মোট মূল্যের (প্রযোজ্য ক্ষেত্রে দরপত্রে উল্লিখিত মূল্যের) শতকরা ছেষটি দশমিক ছয় সাত শতাংশ।	৪.৫% ১০%

S059	S059.00	বিদ্যুৎ বিতরণকারী	ব্যবহৃত বিদ্যুতের বিপরীতে প্রাপ্ত মোট বিদ্যুৎ বিলের শতকরা তেত্রিশ দশমিক তিন চার শতাংশ;	৫%
S060	S060.00	নিলামকৃত পণ্যের ক্রোতা	নিলামকৃত পণ্যের বিক্রয় মূল্যের শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত শতাংশ।	৪%
S069	S069.00	ইংলিশ মিডিয়াম স্কুল	সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা পঞ্চাশ শতাংশ।	৭.৫%
S098	S098.00	নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপণন কেন্দ্র	বিপণন পর্যায়ের সর্বমোট প্রাপ্তির শতকরা ছাব্বিশ দশমিক ছয় সাত শতাংশ।	৪%
S099	S099.10	তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)	সেবা প্রদানকারী কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ত্রিশ শতাংশ।”।	৪.৫%

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান